

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩৫০

88/ তাফসীরুল কুরআন (্ৣৣৣৄ الله খ্রুড়ু)

পরিচ্ছেদঃ ৮৬. সুরা আল-কাদর

## আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاؤَدَ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ الْفَضْلِ الْحُدَّانِيُّ، عَنْ يُوسُفَ بْنِ سَعْدِ، قَالَ قَامَ رَجُلُّ إِلَى الْحَسَنِ بْنِ عَلِيّ بَعْدَ مَا بَايَعَ مُعَاوِيَةَ فَقَالَ سَوَّدُتَ وُجُوهِ الْمُؤْمِنِينَ . فَقَالَ لاَ تُؤَيِّبْنِي رَحِمَكَ اللَّهُ فَإِنَّ سَوَّدُتَ وُجُوهِ الْمُؤْمِنِينَ . فَقَالَ لاَ تُؤَيِّبْنِي رَحِمَكَ اللَّهُ فَإِنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم أُرِيَ بَنِي أُميَّةَ عَلَى مِنْبُرهِ فَسَاءَهُ ذَلِكَ فَنَزَلَتْ : ( إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ \* وَمَا أَدْرَاكَ مَا لَكُوثَوَرَ ) يَا مُحَمَّدُ يَعْنِي نَهْرًا فِي الْجَنَّةِ وَنَزَلَتْ : ( إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ \* وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ \* لَيْلَةُ الْقَدْرِ \* وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ \* لَيْلَةُ الْقَدْرِ \* لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِنْ أَلْفُ شَهْرٍ ) يَمْلِكُهَا بَعْدَكَ بَنُو أُمَيَّةَ يَا مُحَمَّدُ . قَالَ الْقَاسِمُ فَعَدَدْنَاهَا فَإِذَا هِيَ أَلْفُ شَهْرٍ لاَ يَزِيدُ يَوْمٌ وَلاَ يَنْقُصُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيدٌ يَوْمٌ وَلاَ يَنْقُصُ . قَالَ أَلُو عِيسَى هَذَا الْوَجْهِ مِنْ حَدِيثُ الْقَاسِمِ بْنِ الْفَضْلُ . وَقَدْ قِيلَ عَنِ الْقَاسِمِ بْنِ الْفَضْلُ عَنْ يُوسُفُ بْنِ مَازِنٍ . وَالْقَاسِمُ بْنُ الْفَضْلُ الْحَدَّانِيُّ هُو ثِقَةٌ وَتَقَةُ يُحْيَى بْنُ سَعِيدٍ وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِي وَيُوسُفُ بْنُ سَعْدٍ رَجُلُّ مَجْهُولٌ وَلاَ نَعْرِفُ هَذَا الْحَدِيثَ عَلَى عَنْ اللَّفَظِ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ .

## বাংলা

৩৩৫০। ইউসুফ ইবনু সা'দ (রহঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন হাসান (রাঃ) মুআবিআ (রাঃ)-এর নিকট বাই'আত গ্রহণের পর তার সামনে এক ব্যক্তি দাঁড়িয়ে বলেনঃ আপনি (মুআবিয়ার নিকট বায়'আত গ্রহণ করে) মু'মিনদের চেহারা কলঙ্কিত করেছেন। এতে তিনি বললেনঃ তুমি আমাকে অভিযুক্ত করো না। আল্লাহ তা'আলা তোমার প্রতি রহমত করুন। যেহেতু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে (স্বপ্নে) উমাইয়া বংশীয়দেরকে তার মিম্বারের উপর দেখানো হয়েছে। বিষয়টি তার নিকট খারাপ লাগে। তখন অবতীর্ণ হয়ঃ

"আমি অবশ্যই তোমাকে কাওসার (ঝরণা) দান করেছি" (সূরাঃ আল-কাওসার- ১) অর্থাৎ হে মুহাম্মাদ! আমি জান্নাতে তোমাকে কাওসার নামক ঝরণা দান করেছি। আরো অবতীর্ণ হয়ঃ "নিশ্চয় আমি এ কুরআন মহিমান্বিত রাতে অবতীর্ণ করেছি। আর মাহিমান্বিত রাত প্রসঙ্গে আপনি কি জানেন? মহিমান্বিত রাত হাজার মাস হতেও



উত্তম" (সূরাঃ আল-কাঁদর- ১-৩)।

হে মুহাম্মাদ! আপনার পরে বানী উমাইয়াে অত মাস শাসন করবে। কাসিম (রাহঃ) বলেনঃ আমরা গণনা করে দেখেছি বানী উমাইয়ােদের শাসনকাল ছিল পূর্ণ এক হাজার মাস', এর এক দিন কম বা বেশি নয়।

সনদ দুর্বল ও অস্থির, মতন মুনকার।

আবৃ ঈসা বলেনঃ এ হাদীসটি গারীব। আমরা শুধু কাসিম ইবনুল ফাযলের হাদীস হিসেবে এটি জেনেছি। কথিত আছে যে, কাসিম ইবনুল ফাযল (রহঃ) ইউসুফ ইবনু মাযিনের সূত্রে বর্ণনা করেছেন। কাসিম ইবনুল ফাযল আলহুদ্দানী সিকাহ রাবী। ইয়াহইয়া ইবনু সাঈদ ও আবদুর রহমান ইবনু মাহদী তাকে বিশ্বাসযোগ্য বলেছেন। ইউসুফ ইবনু সা'দ অপরিচিত ব্যক্তি, আমরা শুধু উপরোক্ত সূত্রেই একই রকম শব্দে এ হাদীস বর্ণিত পেয়েছি।

## **English**

Al-Qasim bin Al-Fadl Al-Huddani narrated from Yusuf bin Sa'd, who said: "A man stood up in front of Al-Hasan bin Ali, after he pledged to Mu'awiyah, so he said: 'You have made fools of the believers.' – or: 'O you who has made fools of the believers' – So he said: 'Do not scold me so, may Allah have mercy upon you, for indeed the Prophet had a dream in which he saw Banu Umayyah upon his Minbar. That distressed him, so (the following) was revealed: Verily We have granted you Al-Kauthar (O Muhammad) meaning a river in Paradise, and (the following) was revealed: 'Verily We have sent it down on the Night of Al-Qadr. And what will make you know what the Night of Al-Qadr is? The Night of Al-Qadr is better than a thousand months, in which Banu Umayyah rules after you O Muhammad." Al-Qasim said: "So we counted them, and found that they were one-thousand months, not a day more nor less."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন